# বিনা মূল্যে প্রশিক্ষণ, সঙ্গে ভাতা ও চাকরি

**৯ হাজার তরুণ-তরুণীকে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন। কোনো ফি লাগবে না, উপরন্তু প্রতি মাসে মিলবে তিন হাজার টাকা ভাতা। কোর্স শেষে চাকরি পাবে ৭০ শতাংশ প্রশিক্ষণার্থী। খোঁজ জানাচ্ছেন রায়হান আহমদ আশরাফী ও তাসনিম অর্পা**

প্রশিক্ষণ থাকলে যেকোনো চাকরিতেই অগ্রাধিকার দেওয়া হয়। কর্মরতদের বাড়ে বেতন-ভাতা, মিলে পদোন্নতি। বেকারদের দক্ষ করে তুলতে এবং কর্মজীবীদের দক্ষতা বাড়াতেই সেপ প্রজেক্ট। এর আওতায় সারা দেশে প্রশিক্ষণ পাবে দুই লাখ ৬০ হাজার তরুণ-তরুণী। এর মধ্যে সরকারের অগ্রাধিকার শিল্প খাত লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পে তিন বছরে প্রশিক্ষণ পাবে ৯ হাজার ৩৮ জন। এতে অর্থায়ন করছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এবং সুইজারল্যান্ড ও বাংলাদেশ সরকার। কোর্স পরিচালনা করবে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন। কোনো ফি লাগবে না। উপরন্তু শর্তসাপেক্ষে প্রশিক্ষণার্থীরা পাবে মাসিক তিন হাজার টাকা ভাতা। কোর্স শেষে যোগ্যতা অনুযায়ী মিলবে চাকরিও।

## বিষয় ও যোগ্যতা

প্রশিক্ষণ কোর্সের চিফ প্রজেক্ট কো-অর্ডিনেটর অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব মীর মনিরুজ্জামান জানান, প্রশিক্ষণ কোর্সকে দুই ভাগে ভাগ করা হয়েছে—আপস্কিল ও ফ্রেশার। আপস্কিল ক্যাটাগরিতে মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সে ১৫ দিন ৩০ ঘণ্টার প্রশিক্ষণ দেওয়া হবে। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পে তিন বছরের অভিজ্ঞতা থাকলে অংশ নিতে পারবেন এ কোর্সে। বয়স হতে হবে কমপক্ষে ১৬ বছর। বাকি সব কোর্সে সুযোগ পাবেন ফ্রেশাররা। বয়স হতে হতে হবে কমপক্ষে ১৮ বছর। লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং ও ক্যাড/ক্যাম ডিজাইনের কোর্সের মেয়াদ ছয় মাস, সিনএসি অপারেশন কোর্সে এক বছর, রেফ্রিজারেশন অ্যান্ড এসি টেকনিশিয়ান ও ইলেকট্রিক্যাল কোর্সে চার মাসের প্রশিক্ষণ দেওয়া হবে। লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং, রেফ্রিজারেশন অ্যান্ড এসি টেকনিশিয়ান এবং ইলেকট্রিক্যাল কোর্সে অষ্টম শ্রেণি পাস হলেই ভর্তি হওয়া যাবে। ক্যাড/ক্যাম ডিজাইন, সিনএসি অপারেশন কোর্সে ভর্তির যোগ্যতা এইচএসসি বা ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং।

## আবেদন ও বাছাই প্রক্রিয়া

প্রজেক্ট কো-অর্ডিনেটর (মনিটরিং) এনামুল হক জানান, প্রত্যেক কোর্সে প্রতি ব্যাচে ৩০ জন ভর্তি হতে পারবে। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। সেপ প্রজেক্টের অন্য কোনো প্রশিক্ষণে ভর্তি হলে বা আগে প্রশিক্ষণ নিলে আবেদন করা যাবে না। ভর্তির আবেদন ফরম পাওয়া যাবে www.beioa.org.bd ওয়েব ঠিকানায়। আবেদন ফরম পূরণ করে পাসপোর্ট আকারের দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধনের ফটোকপিসহ জমা দিতে হবে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন, ৩৮ টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা-১২০৩ বা প্যারাডাইজ ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা-১২০৩ ঠিকানায়। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৭ ডিসেম্বর।

এনামুল হক বলেন, 'কোনো কোর্সে আবেদনকারীর সংখ্যা বেশি হলে মৌখিক পরীক্ষার মাধ্যমে বাছাই করা হবে। খুব বেশি আবেদন পড়লে নেওয়া হতে পারে লিখিত পরীক্ষা।'

তিনি আরো জানান, মৌখিক পরীক্ষায় প্রার্থীর আচার-ব্যবহার দেখা হবে, জানতে চাওয়া হতে পারে কেন প্রশিক্ষণ নিতে চায় বা প্রশিক্ষণ নিলে সে কতটুকু উপকৃত হবে। বাছাইয়ে অগ্রাধিকার পাবে সুবিধাবঞ্চিত, নারী, উপজাতি ও নৃগোষ্ঠীর লোকেরা।

## প্রশিক্ষণের ধরন

প্রজেক্ট কো-অর্ডিনেটর (মনিটরিং) এনামুল হক জানান, 'আধুনিক উপকরণ ও অভিজ্ঞ প্রশিক্ষকদের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হবে। ৮০ শতাংশ প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে, বাকিটা তত্ত্বীয়। প্রশিক্ষণার্থীদের প্রতিটি কাজ প্রশিক্ষকরা পর্যবেক্ষণ করবেন এবং তাঁদের মতামত দেবেন। প্রশিক্ষণার্থীদের দক্ষ করে তোলাই প্রশিক্ষণের মূল লক্ষ্য।'

## মিলবে ভাতা ও চাকরি

কোর্স চলাকালীন প্রত্যেক শিক্ষার্থীকে মাসে তিন হাজার টাকা হারে বৃত্তি দেওয়া হবে। শতভাগ উপস্থিতি নিশ্চিত হলে তবেই মিলবে মাসিক ভাতা। সরকারের সঙ্গে চুক্তির শর্ত অনুযায়ী প্রশিক্ষণ নেওয়া ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরির ব্যবস্থা করার কথা। তবে প্রশিক্ষণ নেওয়া সবার চাকরির ব্যবস্থা করার চেষ্টা করবে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন—জানালেন এনামুল হক।

তিনি আরো জানান, চাকরির ক্ষেত্রে কোর্স শেষে ক্লাসে উপস্থিতি বিবেচনায় আনা হবে, যাচাই করা হবে প্রার্থীর দক্ষতাও। কোর্স শেষে প্রশিক্ষণার্থীর নাম অন্তর্ভুক্ত করা হবে জাতীয় দক্ষতা ডাটাবেইসে। দেওয়া হবে সনদ।

## খোঁজ জানবেন যেভাবে

আপস্কিল ক্যাটাগরির কোর্সে ঢাকাসহ সারা দেশে প্রশিক্ষণ নেওয়া যাবে। তবে ফ্রেশার ক্যাটাগরির সব কোর্স হবে শুধু ঢাকায়। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন, ৩৮ টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা-১২০৩ এবং প্যারাডাইজ ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা-১২০৩ ঠিকানায় জানা যাবে সব কোর্সের বিস্তারিত তথ্য। মোবাইল ফোনে তথ্য জানার জন্য কল করতে হবে ০২-৭১১৯০১১, ০১৯১১১৮৬২৭৪, ০১৯১১২১১০২২, ০১৭১৭৫৯০৬০০ নম্বরে। মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সের জন্য ছকে উল্লিখিত ঠিকানায় যোগাযোগ করতে হবে।



প্রশিক্ষণার্থীদের প্রতিটি কাজ প্রশিক্ষকরা পর্যবেক্ষণ করবেন এবং তাঁদের মতামত দেবেন

## আরো কিছু প্রশিক্ষণের খবর

### বিকেএমইএ

অ্যাপারেল মার্চেন্ডাইজিং, সোশ্যাল কমপ্লায়েন্স অ্যান্ড সিএসআর, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লিন ম্যানুফেকচারিং, টেক্সটাইল টেস্টিং অ্যান্ড ল্যাব ম্যানেজমেন্ট, ফায়ার সেফটি ম্যানেজমেন্ট অ্যান্ড রিস্ক অ্যাসেসমেন্ট, টেকটিক্স অব কমার্শিয়াল এক্টিভিটি ও মার্কেট অ্যানালাইসিস অ্যান্ড এক্সপোর্ট প্রমোশন বিষয়ে বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে বিকেএমইএ। ৫ ডিসেম্বরের কালের কণ্ঠে প্রকাশিত বিজ্ঞপ্তি পাওয়া যাবে bit.ly/bkmea লিংকে। অংশ নিতে পারবেন বিএসসি ইঞ্জিনিয়ারিং, স্নাতক, ডিগ্রি বা ডিপ্লোমা ডিগ্রিধারীরা। আবেদন ফরম পাওয়া যাবে বিকেএমইএর কার্যালয় ও www.bkmea.com ওয়েব ঠিকানায়। ফরম জমা দেওয়ার শেষ তারিখ ১৪ ডিসেম্বর। তথ্য জানা যাবে ০১৬২৯৯৬৫৪৯৮, ০১৬৮৬৩৪৩৩৯৪, ০১৭১২১৯০৫৪৩ নম্বরে।

### মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র

মাশরুম চাষ ও জৈব চাষাবাদ এবং পেস্ট্রি অ্যান্ড বেকারি প্রডাকশন বিষয়ে নারীদের বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র। ৪ ডিসেম্বরের আমাদের সময়ে প্রকাশিত বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে bit.ly/womenfreetraining লিংকে। এসএসসি উত্তীর্ণরা প্রশিক্ষণ নিতে পারবে, বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তিন মাসের প্রশিক্ষণে মাসে ৩০০ টাকা ভাতা দেওয়া হবে। ৩১ ডিসেম্বরের মধ্যে আবেদনপত্র পাঠাতে হবে ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, নরসিংহপুর, জিরাবো, সাভার, ঢাকা ঠিকানায়। ৯ জানুয়ারি ভর্তি পরীক্ষার দিন সকাল ১০টার মধ্যে দরখাস্তসহ সরাসরি কেন্দ্রে উপস্থিত হলেও চলবে। তথ্যের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা যাবে ০১৭১২৯৪৭৪৯০ ও ০১৭৩২৫০৫৩৯৫ নম্বরে।

### সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

শেয়ার বাজারে বিনিয়োগকারীদের আইপিও, স্টক এক্সচেঞ্জ, সিকিউরিটি অ্যানালাইসিস ও পোর্টফোলিও ম্যানেজমেন্ট বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন। দুই দিনের প্রশিক্ষণ চলে প্রতি মাসের দ্বিতীয় ও চতুর্থ সপ্তাহের বুধ ও বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। প্রতি সেশনে ৪০ অংশ নিতে পারে। নাম নিবন্ধনের জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়—লাইব্রেরিয়ান, পাবলিক রেফারেন্স রুম, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ২১ তলা, ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০। ফোন : ০২-৯৫৬৮১০১-২

### বাংলাদেশ ক্ষুদ্র ও কুটিরশিল্প করপোরেশন

মৌচাষ বিষয়ে দেশের ৪৮টি জেলায় প্রশিক্ষণ দেবে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটিরশিল্প করপোরেশন (বিসিক)। জেলাগুলো হলো টাঙ্গাইল, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, গোপালগঞ্জ, শেরপুর, মাদারীপুর, শরীয়তপুর, নরসিংদী, রাজবাড়ী, ফরিদপুর, জামালপুর, লক্ষীপুর, নোয়াখালী, চট্টগ্রাম, রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, নওগাঁ, বগুড়া, নাটোর, পাবনা, রাজশাহী, জয়পুরহাট, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, যশোর, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। আগ্রহীদের সংশ্লিষ্ট জেলার বিসিকের শিল্প সহায়ক কেন্দ্রে যোগাযোগ করতে হবে।

### রিহ্যাব ট্রেনিং ইনস্টিটিউট

ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং অ্যান্ড ওয়েল্ডিং, ম্যাশনারি ওয়ার্কস, কার্পেন্টিং অ্যান্ড রড বাইন্ডিং এবং প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং বিষয়ে প্রশিক্ষণ দেবে রিহ্যাব ট্রেনিং ইনস্টিটিউট। প্রশিক্ষণের মেয়াদ তিন মাস। ব্যাচে নেওয়া হবে ৩০ জন। পঞ্চম শ্রেণি পাস হলে ম্যাশনারি হিসেবে এবং এসএসসি উত্তীর্ণরা সুপারভাইজার হিসেবে প্রশিক্ষণ নিতে পারবে। ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেওয়ার শেষ তারিখ ৩১ ডিসেম্বর। ফরমের দাম ৫০ টাকা। আরো তথ্য জানা যাবে রিহ্যাব ট্রেনিং ইনস্টিটিউট, সেকান্দার হাইটস, ৪৪/১৪, পশ্চিম পান্থপথ, ঢাকা ১২০৫ ঠিকানায়। ০২-৯১২৫৬৩৭, ৯১২৫৫০৮, ০১৭৫৫৫৫৫৩০৭, ০১৭৫৫৫৫৫৩১৩ নম্বরেও জানা যাবে দরকারি তথ্য।

| জেলা | অফিসের ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| ঢাকা | **বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট** প্যারাডাইস ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা। | ০২-৭১১৯০১১ ০১৯১১১৮৬২৭৪ ০১৭২০০৫৬১৭৭ ০১৯১১২১১০২২ |
| | **বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট** ৩১ নন্দলাল দত্ত লেন, লক্ষীবাজার, ঢাকা। | ০১৮১৬৯৪৯৪৭০ ০১৭৫০৩৬৮৯৮৮ |
| পাবনা | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** মুক্তিযোদ্ধা মার্কেট (তৃতীয় তলা), আব্দুল হামিদ সড়ক, পাবনা। | ০১৭১১৩৯১৮৩০ ০১৭১১৮৮৬৮৭৫ |
| নাটোর | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** মেসার্স বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস চকরামপুর, মাদ্রাসা রোড, নাটোর। | ০১৭১২৬৭১৪১৯ ০১৭১৫২৭০৩২৫ ০১৭১২৪০৬৮২২ |
| বগুড়া | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** কামাল মেশিন টুলস, ছিলিমপুর, বগুড়া। | ০১৭১১০২৭২০৫ ০১৭১৮৬৯৬৩৭৪ |
| কুষ্টিয়া | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** মেসার্স কুষ্টিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, মজমপুর গেট, কুষ্টিয়া। | ০১৭১০২৩২০২৯ |
| যশোর | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** নড়াইল বাসস্ট্যান্ড (সিটি কলেজ গেটের বিপরীতে), যশোর। | ০১৭১৯৮১৮৮৭৯ ০১৭৩৫১৫৫৯১৫ |
| খুলনা | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** মেসার্স নুর ইসলাম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ৫৮/২ শেরে বাংলা রোড, খুলনা। | ০১১৯৮০৪২৫৩০ ০১৭১১২০১৯৮২ |
| চট্টগ্রাম | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** টেকনো ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, ১৩ মুরাদপুর হাটহাজারী রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম। | ০১৮১৯৩৮২০৫০ ০১১৯০১৬৫৯৯২ |
| নোয়াখালী | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** জনপ্রিয় মেটাল, করিমপুর রোড, চৌমুহনী নোয়াখালী। | ০১৮১৯৬৫৮৭৩০ ০১৮১৭৩১৫৪৬৪ |
| ময়মনসিংহ | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** নিউ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, ১১/গ গঙ্গাদাস গুহ রোড, ময়মনসিংহ। | ০১৭১১৬৩৩৮৫০ |
| সৈয়দপুর | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** আব্দুল্লাহ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, বিসিক শিল্পনগরী, সৈয়দপুর, নীলফামারী। | ০১৯১৯৪৪০৭৩০ ০১৯৭৭০৪৩৩১২ |
| রংপুর | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** আকবর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, স্টেশন রোড আলমনগর, রংপুর। | ০১৭১৮৯৩৮৩০৯ ০১৭১২৮৯২১০৯ |
| নওগাঁ | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** মেটাল ফাউন্ড্রি ইন্ডাস্ট্রিজ, সর্দারপাড়া রোড পারনওগাঁ, নওগাঁ। | ০১৭৪৯৮৮৭৭৯২ ০১৭১২১৭৫৩১৯ |
| গাইবান্ধা | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** পুরাতন বাজার, গাইবান্ধা। | ০১৭১২৮৯৩২৯৮ ০১৭১২০৩০২৭৭ |
| পঞ্চগড় | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** পঞ্চগড় মেটাল ইন্ডাস্ট্রিজ, তেঁতুলিয়া রোড পঞ্চগড়। | ০১৯২২৮২৭২৭২ ০১৭১৩৭৩০১৩৭ |
| দিনাজপুর | **উত্তরণ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস (প্রা.) লিমিটেড** কালিতলা, দিনাজপুর-৫২০০। | ০১৭২৭২১৯৯৪৬ ০১৭১২৪০৬০৮০ |
| বি.বাড়িয়া | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** গ্রিন ম্যানুফ্যাকচারিং ওয়ার্কস, সিলেট রোড পাইকপাড়া, বি.বাড়িয়া। | ০১৭১৫৯৬৯০৭৩ ০১৭১২০১১৯৫৭ |
| সিলেট | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** আলিম ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বিসিক শিল্পনগরী সিলেট। | ০১৭৩৩২০০১৩৩ ০১৭১৩৩২৮৭৯২ |
| কিশোরগঞ্জ | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** ক্রিসেন্ট স্টিল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, নগুয়া কিশোরগঞ্জ। | ০১৭১১৬৮১২৪৩ ০১৭১১৬৪১৯৪৯ |
| গাজীপুর | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** মধুমিতা রোড, টঙ্গী, গাজীপুর। | ০১৭১১৫৪০০৮০ ০১৭১৫৬৫৮৯২৪ ০১৯২৪৭০৯৫১ |
| নারায়ণগঞ্জ | **বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি** এ-১ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, ৩১ আর কে মিত্র রোড, নারায়ণগঞ্জ। | ০১৭১৮২৫৮২৫৬ ০১৮১৯২১৯৬১৫ |